জননিরাপত্তা রক্ষায় আইজিপির বক্তব্যকে সমর্থন পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশনের



ছবি: সংগৃহীত

জননিরাপত্তা নিশ্চিত করা ও অপরাধ দমনে পুলিশের কার্যকর ভূমিকা রাখার বিষয়ে আইজিপি মো. আলী হোসেন ফকিরের বক্তব্যকে সময়োপযোগী বলে মনে করছে বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশন (বিপিএসএ)। সংগঠনটির মতে, প্রচলিত আইন মেনেই পুলিশ সদস্যদের দৃঢ়তা ও পেশাদারত্বের সঙ্গে দায়িত্ব পালন করতে হবে।

মঙ্গলবার (২৭ অক্টোবর) দেওয়া এক বিবৃতিতে এ অবস্থান জানায় সংগঠনটি। এতে সই করেছেন বিপিএসএর সাধারণ সম্পাদক ও ঢাকা জেলার পুলিশ সুপার শামীমা পারভীন।

বিবৃতিতে বলা হয়, ৫ আগস্ট-পরবর্তী সময়ে আইনশৃঙ্খলা পরিস্থিতির পরিবর্তন এবং মব কালচারের মধ্যে দায়িত্ব পালন করতে গিয়ে পুলিশকে নানা বাধার মুখে পড়তে হচ্ছে। এ পরিস্থিতিতে জননিরাপত্তা ও রাষ্ট্রের স্থিতিশীলতা বজায় রাখতে আইন প্রয়োগে পুলিশ সদস্যদের সক্ষমতা নিশ্চিত করা জরুরি।

গত সোমবার (২৬ অক্টোবর) পুরান ঢাকার চকবাজারে কমিউনিটি ব্যাংকের একটি শাখা উদ্বোধন অনুষ্ঠানে আইজিপি বক্তব্য দেন। ওই বক্তব্যের মূল বিষয় হিসেবে আইনের আওতায় পরিস্থিতি অনুযায়ী ব্যবস্থা নেওয়া এবং পুলিশ সদস্যদের পেশাগত আত্মবিশ্বাস বজায় রাখার বিষয়টি তুলে ধরে বিপিএসএ।

সংগঠনটি জানায়, সংবিধান, দণ্ডবিধি, ফৌজদারি কার্যবিধি, পুলিশ আইন ও পুলিশ রেগুলেশনস অব বেঙ্গলসহ প্রচলিত বিধিবিধান অনুযায়ী পুলিশের ক্ষমতা ও দায়িত্ব নির্ধারিত। আইন প্রয়োগের পাশাপাশি মানবাধিকার, সাংবিধানিক অধিকার ও জবাবদিহি নিশ্চিত করার প্রতিও পুলিশ অঙ্গীকারবদ্ধ।

বিবৃতিতে আরও বলা হয়, পুলিশের আইনানুগ কঠোরতাকে নেতিবাচকভাবে দেখা এবং অপরাধ দমনে নিষ্ক্রিয়তাকে দুর্বলতা হিসেবে বিবেচনা করার প্রবণতা মাঠপর্যায়ে দায়িত্ব পালনে অনিশ্চয়তা তৈরি করতে পারে।

সংগঠনটির দেওয়া তথ্য অনুযায়ী, ২০২৬ সালের প্রথম ১০ মাসে দায়িত্ব পালনকালে পুলিশ সদস্যদের ওপর ১৭৬টি হামলার ঘটনা ঘটেছে। এসব ঘটনায় চারজন নিহত এবং ৩৭০ জন গুরুতর আহত হয়েছেন। পুলিশ সদস্যদের নিরাপত্তা ও উপযুক্ত কর্মপরিবেশ নিশ্চিত করার প্রয়োজনীয়তাও তুলে ধরে বিপিএসএ।

বিবৃতিতে বলা হয়, আইনশৃঙ্খলা বজায় রাখা রাষ্ট্রের স্থিতিশীলতা ও অর্থনৈতিক কর্মকাণ্ডের জন্য গুরুত্বপূর্ণ। অপরাধ দমনে আইনি ক্ষমতা প্রয়োগে অযথা দ্বিধা করলে অপরাধীরা উৎসাহিত হতে পারে। তাই আইনের সীমা অতিক্রম না করে দৃঢ়তা, নিরপেক্ষতা, পেশাদারত্ব ও মানবিকতার সঙ্গে দায়িত্ব পালনের ওপর গুরুত্ব দিয়েছে সংগঠনটি।